

Estate Office  
University of Dhaka  
Dhaka -1000, Bangladesh.  
Phone:9661900-73/4199, 4195  
Fax: +88-02-55167810  
Email: estateoffice.du@gmail.com



এস্টেট অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১০০০, বাংলাদেশ  
ফোনঃ ৯৬৬১৯০০-৭৩/এক্স-৪১৯৯, ৪১৯৫  
ফ্যাক্সঃ ৮৮-০২-৫৫১৬৭৮১০  
Email:estateoffice.du@gmail.com

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিভিন্ন সময়ে সরেজমিনে পরিদর্শন করে দেখা যায় যে, অত্র বিশ্ববিদ্যালয়ের পরিচ্ছন্নতাকর্মীগণ ক্যাম্পাসের অভ্যন্তরে শুকনো পাতা, কাগজ, ময়লা জমা করে আগুন জ্বালিয়ে দিচ্ছে। শুকনো পাতা, কাগজ ও ময়লা পোড়ানোর সৃষ্ট ধোঁয়ায় বাতাসে ভাসমান বস্তুকণার উপস্থিতি সহনীয় মাত্রার চেয়ে কয়েকগুন বেড়ে যায়, ফলে বায়ুদূষণ ঘটছে এবং পরিবেশ অস্বাস্থ্যকর হয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের স্বাস্থ্যঝুঁকি বাড়ছে। তাই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের অভ্যন্তরে শুকনো পাতা, কাগজ ও ময়লায় আগুন জ্বালানো সম্পূর্ণ নিষেধ।

শতবর্ষের এই বিশ্ববিদ্যালয়কে পরিচ্ছন্ন ক্যাম্পাস হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বায়ুদূষণ প্রতিরোধ ও পরিবেশ রক্ষার জন্য সকলের সচেতনতা এবং সহযোগিতা একান্ত প্রয়োজন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের স্বাস্থ্যঝুঁকি এড়ানো, ধূলাবালি নিরসন, বায়ুদূষণ প্রতিরোধ, নির্বিঘ্নে চলাচল এবং পরিবেশ সংরক্ষণের জন্য ক্যাম্পাসের অভ্যন্তরে সৃষ্ট শুকনো পাতা, কাগজ ও ময়লা আগুনে পোড়ানো থেকে বিরত থাকতে হবে। শুকনো পাতা নিজ নিজ আগুনে জমা করে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের সহযোগিতায় অপসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস্টেট অফিসের সহযোগিতা নেয়া যেতে পারে। অন্যথায় প্রশাসনিক আদেশ অমান্যকারীর বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

এস্টেট ম্যানেজার (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭৫৭২৯৪৩৪৯

নং এস্টেট: ৫৩১৭ (৯)

তারিখ: ২৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ  
১০ মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ